93

দৈনিক বাংলা

তারিখ 29 NOV 1996
পৃষ্ঠা ৭ কলাম ৪

# প্রাথমিক শিক্ষার জন্য প্রায় ২০০০ কোটি টাকা বরাদ্দ

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ১২২৬ কোটি ৩৫ লাখ টাকার প্রকল্প সহায়তাসহ ২ হাজার ৫৮৭ কোটি ৪৩ লাখ টাকার ১৪টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করেছে।

বৃহস্পতিবার বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভানেত্রীত্ব করেন। খবর বাসস'র।

অনুমোদিত প্রকল্পগুলো হচ্ছে ৮৪৪ কোটি ১১ লাখ টাকার প্রকল্প সহায়তাসহ এক হাজার ৭৮ কোটি ৭০ লাখ টাকা ব্যয়ে ঢাকা, রাজশাহী, খুলনা (বরিশালসহ) বিভাগে প্রাথমিক শিক্ষার উন্নয়ন, ২১৮ কোটি ৪৯ লাখ টাকার প্রকল্প সহায়তাসহ ২৫২ কোটি ২৫ লাখ টাকা ব্যয়ে চট্টগ্রাম বিভাগের প্রাথমিক শিক্ষার উন্নয়ন, ৪৪৯ কোটি ৯৭ লাখ টাকা ব্যয়ে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী, ৪২ কোটি টাকার প্রকল্প সহায়তাসহ ১৬৮ কোটি ৩২ লাখ টাকা ব্যয় সাপেক্ষ কৃষিভিত্তিক শিল্প ও প্রযুক্তি উন্নয়ন প্রকল্প, ১৪৫ কোটি ৯২ লাখ টাকা ব্যয়ের পল্লী স্যানিটেশন প্রকল্প, ১১৯ কোটি ৭৯ লাখ টাকা ব্যয় সাপেক্ষ দেশের প্রতিটি থানায় নির্দিষ্ট বেসরকারী উচ্চ বিদ্যালয়ে এসএসসি

(৮-এর পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষার জন্য

(প্রথম পৃষ্ঠার পর)

বৃত্তিমূলক কোর্সের প্রবর্তন, ৬৯ কোটি ৭১ লাখ টাকা ব্যয়ে এসএসসি ও এইচএসসি বৃত্তিমূলক কোর্স প্রবর্তনের লক্ষ্যে ১৩টি বৃত্তিমূলক প্রশিক্ষণ ইনস্টিটিউট (ভিটিআই) প্রতিষ্ঠা এবং বর্তমানে যেগুলো রয়েছে সেসব ভিটিআই'র মেরামত ও উন্নয়ন, ৫০ কোটি ৮১ লাখ টাকার প্রকল্প সহায়তাসহ ৮৩ কোটি ৮১ লাখ টাকার পাবনা চিনিকল, ৬০ কোটি ৬ লাখ টাকা ব্যয়ে বৃহত্তর তিতাস বিশেষ সুবিধাজনক এলাকায় গ্যাস বিতরণ প্রকল্প (ধাপ-৩), প্রকল্প সহায়তাসহ ৩৮ কোটি ৭১ লাখ টাকা ব্যয় সাপেক্ষ বৃহত্তর ফরিদপুরের ৫টি জেলায় (ধাপ-৩) উৎপাদনমুখী কর্মসংস্থান সম্পর্কিত পল্লী উন্নয়ন প্রকল্প-৫, প্রকল্প-১৪; ৩২ কোটি ২৩ লাখ টাকার প্রকল্প সহায়তাসহ ৪০ কোটি ৩৩ লাখ টাকার টাঙ্গাইল জেলার (দ্বিতীয় পুনঃ সংশোধন) অবকাঠামো; ২৭ কোটি ৯৩ লাখ টাকা ব্যয়ে সালদা নদী তেল ও গ্যাস আহরণ ও কূপ খনন প্রকল্প, ৪৪ কোটি ২৯ লাখ টাকা ব্যয়ে দেশের বিভিন্ন স্থানে (খানজাহান আলী বিমান বন্দর, বাগেরহাট এবং বগুড়া স্টল বিমান বন্দর নির্মাণ এবং ৭ কোটি ৬৪ লাখ টাকা ব্যয়ে খুলনায় বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)।

অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী জিল্লুর রহমান, শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, পানি সম্পদমন্ত্রী আবদুর রাজ্জাক, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোহাম্মদ নাসিম এবং কৃষি, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী মতিয়া চৌধুরী অংশগ্রহণ করেন। মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব, বাংলাদেশ ব্যাংকের গবর্নর, পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ, প্রধানমন্ত্রীর সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগসমূহের সচিবগণ উপস্থিত ছিলেন।